

৪। গিয়ে রত্নডাঙ্গার বিলে, কস্তুরী কুসুমে, হরিকে সাজাই ।
আমরা মন সুখে হেরি নয়নে,
যেন সেই নন্দের কানাই ॥

৫। গোঁসাই কেশব বলে, শোন্‌রে শরৎ,
তোরে যে শুধাই ।

আমার হরিচাঁদ গুরুচাঁদ শক্তি,
প্রমথচাঁদে দেখতে পাই,
আমার শান্তি-মাতা সত্যভামা শক্তি
বীণাপাণিতে দেখতে পাই ॥



শ্রীশ্রীহরি সহায়

১৩১ নং

তাল--একতালা

জীবের তরে যশোবস্তুর ঘরে, এলরে সেই জগৎপতি ।
(ওরে) দীন-দুঃখীর তরে দয়া করে,
উদ্ধারিতে পাপী-তাপী ॥

- ১। মধুকৃষ্ণ-ত্রয়োদশী বসন্তে হরিচাঁদ আসি ।
(এল) বুধবারেতে পূর্ণ শশী,
উদয় হল সেই গোলোকপতি ॥
- ২। সূর্য যেমন হলে উদয় অন্ধকার সব দূরেতে যায় ।
(ওরে) আমার হরিচাঁদের কিরণ লেগে,
ভক্তের প্রাণে জাগালো জ্ঞানের বাতি ॥